53

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 JAN 1996
পৃষ্ঠা 7 কলাম ... 6

## মাধ্যমিক শিক্ষক সমিতির বিশেষ সম্মেলন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল ঢাকার কলাবাগান ক্রীড়াচক্র মাঠে মাধ্যমিক শিক্ষকদের এক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেশের বিভিন্ন স্থান হইতে বিপুল

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## মাধ্যমিক শিক্ষক সমিতি

(১ম পৃঃ পর)

সংখ্যক শিক্ষক অংশগ্রহণ করেন। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন এফ বিসিসিআইর সভাপতি সালমান এফ রহমান। সম্মেলন উদ্বোধন করেন শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক। শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সম্মেলনে বক্তৃতা দেন অধ্যাপক আবুল কালাম আযাদ, অধ্যাপক আলী আকবর খান, আসাদুল হক মোঃ তোহা, মোঃ রহমত আলী প্রমুখ।

সালমান রহমান বলেন, সুষম শিক্ষাই দেশের সমৃদ্ধি আনিতে পারে। তিনি বলেন, আমাদের সম্পদের কোন অভাব নাই। অভাব যোগ্য নেতৃত্বের। তিনি শিক্ষকদের দাবীর সাথে একাত্মতা ঘোষণা করিয়া তাহাদের আন্দোলনে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। শেখ আমানুল্লাহ বলেন, ১লা ফেব্রুয়ারীর মধ্যে দাবী পূরণ করা না হইলে ২রা ফেব্রুয়ারী হইতে বৃহত্তর আন্দোলন শুরু করা হইবে। সভায় একটি সংগ্রাম কমিটি গঠন করা হয়। তাহাদের পাঁচ দফা দাবীর মধ্যে আছে ১৯৯৪ সনে প্রদত্ত সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়ন, পার্বত্য অঞ্চলের শিক্ষকদের পাহাড়ী ভাতাদান এবং সাময়িকভাবে বরখাস্তকৃত শিক্ষক কর্মচারীদের পুনর্বহাল ইত্যাদি।